

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭২৪

২٩/ শिष्ठाठात (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/২৭. উপুড় হয়ে শোয়া নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ الإضْطِجَاعِ عَلَى الْوَجْهِ

আরবী

حَدَّ قَنَا يَعْقُوبُ بْنُ حُمَيْدِ بْنِ كَاسِب، حَدَّقَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ اللَّهِ، حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ نُعَيْمِ بُنِ عَبْدِ اللَّهِ الْمُجْمِرِ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ طِخْفَةَ الْغِفَارِيِّ، عَنْ أَبِي ذَرِّ، قَالَ مَرَّ بِيَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - وَأَنَا مُضْطَجِعٌ عَلَى بَطْنِي فَرَكَضَنِي بِرِجْلِهِ وَقَالَ " يَا جُنَيْدِبُ إِنَّمَا هَذِهِ ضِجْعَةُ أَهْلِ النَّارِ " .

বাংলা

২/৩৭২৪। আবূ যার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উপুড় হয়ে শুয়ে থাকা অবস্থায় নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমার পাশ দিয়ে গেলেন। তিনি আমাকে তাঁর পা দ্বারা খোঁচা মেরে বলেনঃ হে জুনাইদিব! এটা তো জাহান্নামীর শয়ন।

English

It was narrated that Abu Dharr said:

"The Prophet(ﷺ) passed by me and I was lying on my stomach. He nudged me with his foot and said: 'O Junaidib! This is how the people of Hell lie.'

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. ইয়াকুব বিন হুমায়দ বিন কাসিব সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭০৮৬, ৩২/৩১৮ নং পৃষ্ঠা) ২. ইসমাইল বিন আবদুল্লাহ সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তার মাঝে কোন সমস্যা নেই। আহমাদ বিন শুতায়ব আন-



নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার মুখন্ত হাদিস থেকে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৫৯, ৩/১২৪ নং পৃষ্ঠা) ৩. মুহাম্মাদ বিন নুআয়ম বিন আবদুল্লাহ আল মুজমির সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আবু হাতিম বিন হিব্বান তার সিকাহ গ্রন্থে তার নাম উল্লেখ করেছেন। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৬৬০, ২৬/৫৫৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইয়াকুব বিন ভ্যায়দ, ইসমাইল বিন আবদুল্লাহ ও মুহাম্মাদ বিন নুআয়ম বিন আবদুল্লাহ আল মুজমির এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৮০ টি শাহিদ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ২৭৬৮, আহমাদ ৭৮০২, ৭৩৮১, ১৫১১৫, ১৫১১৭, ১৮৯৬৩, ১৮৯৭৮, ২৩১০২, ২৩১০৩, ২৩১০৪, ২৩১০৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন